# গঠনতন্ত্র

## কাহারোল ফাউন্ডেশন

## স্থাপিত: ২০২৫ খ্রিস্টাব্দ

**ব্যবস্থাপনায়: উপজেলা প্রশাসন, কাহারোল, দিনাজপুর।**

**প্রধান উপদেষ্টা:**

মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।

**গঠনতন্ত্র প্রণয়ন পরিষদ:**

১) জনাব মোঃ রাজুল ইসলাম, উপজেলা সমাজসেবা অফিসার, কাহারোল, দিনাজপুর

২) জনাব মোঃ সাখাওয়াত হোসেন, প্রভাষক, কাহারোল মহিলা ডিগ্রী কলেজ, কাহারোল, দিনাজপুর

৩) জনাব মোঃ মাহবুবুর রহমান, প্রধান শিক্ষক, মোহাম্মদপুর উচ্চ বিদ্যালয়, কাহারোল, দিনাজপুর

৪) জনাব মোঃ আশরাফুল হক, প্রধান শিক্ষক, রামচন্দ্রপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়

৫) জনাব মোঃ শহীদুল ইসলাম, সহকারী শিক্ষক, কাহারোল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়

৬) জনাব মোঃ মেরাজুল ইসলাম, প্রধান শিক্ষক, পানিশাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়

**প্রকাশকাল:**
৩০ জুলাই, ২০২৫

**প্রচ্ছদ:**
উপজেলা প্রশাসন, কাহারোল, দিনাজপুর।

**কম্পিউটার কম্পোজ:**
ধর্ম নারায়ন অধিকারী
সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর
উপজেলা পরিষদ
কাহারোল, দিনাজপুর।

# মুখবন্ধ

কাহারোল উপজেলা শিক্ষার ক্ষেত্রে অনগ্রসর বিষয়টি বিবেচনায় নিয়ে ২০১৯ সালে কাহারোল উপজেলা শিক্ষক শিক্ষার্থী কল্যাণ তহবিল ও কাহারোল উপজেলা শিক্ষা ট্রাস্ট গঠিত হয়। বিভিন্ন সময়ে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের নিকট থেকে সংগৃহীত অর্থের মাধ্যমে এই প্রতিষ্ঠানের পথচলা শুরু হলেও নানা সীমাবদ্ধতার কারণে সুচারুরূপে কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি।

ইতোমধ্যে সংগৃহীত অর্থ অলসভাবে সোনালী ব্যাংক, কাহারোল শাখায় রেখে দেয়া হয়েছে। সংগৃহীত অর্থের সঠিক ব্যবহার ও নতুনভাবে আরও অর্থ সংগ্রহ করা প্রয়োজন। কল্যাণের বিষয়টি শুধু শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে সীমাবদ্ধ না রেখে বিভিন্ন ক্ষেত্রে ছড়িয়ে দেয়া আবশ্যক। এই পরিপ্রেক্ষিতে কল্যাণের বিষয়টি শিক্ষার পাশাপাশি স্বাস্থ্য, ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে ছড়িয়ে দেয়া অতীব প্রয়োজনীয় বিবেচনায় কাহারোল ফাউন্ডেশনের যাত্রা শুরু হয়।

কাহারোল উপজেলায় শিক্ষা, স্বাস্থ্য, ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন কিংবা ভবিষ্যতে অবদান রাখবেন এমন নিবেদিতদের সাহায্য/সম্মাননা/পদক/সার্টিফিকেট প্রদানসহ কাহারোল ফাউন্ডেশন উপজেলার মানুষের কল্যাণ, উন্নয়ন ও অগ্রযাত্রার দিগন্তকে উন্মোচিত করবে।

সামগ্রিকভাবে কাহারোল ফাউন্ডেশন, কাহারোল উপজেলার শিক্ষা, স্বাস্থ্য, ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে এই প্রত্যাশা রইল।

৩০/০৭/২০২৫

মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর

তারিখ:

১৪ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

# গঠনতন্ত্র

১। ভূমিকা: কাহারোল উপজেলাধীন শিক্ষক শিক্ষার্থীগণকে সহায়তা প্রদানের লক্ষ্যে ২০১৯ সালে কাহারোল উপজেলা শিক্ষক শিক্ষার্থী কল্যাণ তহবিল গঠিত হয়। এই ধারাবাহিকতায় ০৯ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দে ফান্ড সংগ্রহ ও শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের লক্ষ্যে সাবেক উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ নাসিম আহমেদ এর সভাপতিত্বে একটি কার্যবিবরণী প্রস্তুত করা হয়। এই কার্যবিবরণীতে তহবিল সংগ্রহের জন্য একটি কমিটি গঠন করা হলেও বিভিন্ন কারণে গঠিত কমিটি কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে পারেনি। প্রাথমিকভাবে কাহারোল উপজেলা শিক্ষক শিক্ষার্থী কল্যাণ তহবিল নামে একটি তহবিল ও কাহারোল উপজেলা শিক্ষা ট্রাস্ট গঠিত হলেও শিক্ষার পাশাপাশি স্বাস্থ্য, ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে ব্যয়ের পরিধি বাড়ানো আবশ্যক। তহবিলটি কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে ২৮/০৭/২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে জনাব মোঃ আমিনুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত কাহারোল ফাউন্ডেশন গঠনের প্রস্তুতিমূলক সভায় কাহারোল উপজেলা শিক্ষক শিক্ষার্থী কল্যাণ তহবিল ও কাহারোল উপজেলা শিক্ষা ট্রাস্টকে একীভূত করে কাহারোল ফাউন্ডেশন গঠনপূর্বক পূর্বতন কার্যবিবরণীর আলোকে এই গঠনতন্ত্র সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

২। শিরোনাম: এই সংস্থার নাম হবে 'কাহারোল ফাউন্ডেশন'।

৩। সংজ্ঞা: বিষয় ও অর্থের কোনরূপ বৈপরীত্য দেখা না দিলে –

ক) ফাউন্ডেশন বলতে কাহারোল ফাউন্ডেশন বুঝাবে।

খ) উপজেলা বলতে কাহারোল উপজেলার ভৌগোলিক ও প্রশাসনিক এলাকাকে বুঝাবে।

গ) সভাপতি বলতে কাহারোল ফাউন্ডেশনের সভাপতিকে বুঝাবে।

ঘ) কমিটি বলতে কাহারোল ফাউন্ডেশনের বিভিন্ন উদ্দেশ্যে গঠিত কমিটি, উপকমিটি ও বাছাই কমিটিকে বুঝাবে।

ঙ) তহবিল বলতে ফাউন্ডেশনের নামীয় যে কোন অর্থ বুঝাবে।

(চ) প্রতিষ্ঠাকালীন সদস্য, সাধারণ সদস্য ও আজীবন সদস্য বলতে কাহারোল ফাউন্ডেশনের প্রতিষ্ঠাকালীন সদস্য, সাধারণ সদস্য ও আজীবন সদস্য বোঝাবে।

(ছ) ওয়ারেন্ট অব প্রিসিডেন্স বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত ওয়ারেন্ট অব প্রিসিডেন্স বোঝাবে।

৪। আওতাধীন এলাকা/ কর্ম এলাকা: এই ফাউন্ডেশনের আওতাধীন এলাকা/ কর্ম এলাকা হবে দিনাজপুর জেলার কাহারোল উপজেলার এলাকাসমূহ।

৫। অফিস/ সদর দপ্তর: কাহারোল ফাউন্ডেশন এর একটি স্থায়ী অফিস থাকবে। কাহারোল উপজেলা পরিষদ চত্বরে স্মৃতিসৌধ সংলগ্ন পুরাতন পাবলিক লাইব্রেরি এর ভবনটি অস্থায়ী অফিস কক্ষ হিসেবে ব্যবহৃত হবে।

৬। কাহারোল ফাউন্ডেশন এর একটি মনোগ্রাম থাকবে।

৭। ফাউন্ডেশন এর প্রকৃতি, লক্ষ্য ও উদ্দেশ্য:

(ক) প্রকৃতি: ফাউন্ডেশন একটি অরাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী জনকল্যাণমূলক প্রতিষ্ঠান হিসেবে পরিচালিত হবে। প্রয়োজনে ফাউন্ডেশনের কার্যনিবাহী পরিষদ ও সাধারণ পরিষদের সিদ্ধান্ত মোতাবেক সরকারি কোন দপ্তর বা সংস্থা কর্তৃক নিবন্ধন করা যাবে।

(খ) লক্ষ্য: কাহারোল উপজেলার শিক্ষা, স্বাস্থ্য, ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন কিংবা ভবিষ্যতে অবদান রাখবেন এমন নিবেদিতদের সাহায্য প্রদানসহ কাহারোল ফাউন্ডেশন কাহারোল উপজেলার মানুষের কল্যাণ, উন্নয়ন ও অগ্রযাত্রায় সহায়তা প্রদান করবে।

(গ) উদ্দেশ্য:

ক) কাহারোল উপজেলা থেকে বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠানে অস্বচ্ছল শিক্ষার্থীদের ভর্তি/ শিক্ষা উপকরণ ক্রয়ের জন্য আর্থিক সহায়তা প্রদান।

(খ) কাহারোল উপজেলা থেকে বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠানে অধ্যয়নরত গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের এককালীন/মেয়াদ ভিত্তিক বৃত্তি প্রদান।

(গ) দুর্ঘটনায়/ জটিল রোগে আক্রান্ত শিক্ষক/ কর্মচারী/ শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান।

(ঘ) লেখা পড়ার স্বার্থে প্রতিবন্ধী, পিছিয়ে পড়া ও ক্ষুদ্র-নৃতাত্বিক গোষ্ঠীর সন্তানদের আর্থিক সহায়তা প্রদান।

(ঙ) স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে কোন বিষয়ে কৃতিত্বপূর্ণ অবদান রেখেছেন বা রাখবেন এমন ব্যক্তি বা প্রতিষ্ঠান এবং কাহারোল উপজেলার কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা, সম্মাননা, আর্থিক মঞ্জুরি বা 'ফাউন্ডেশন পদক'/সার্টিফিকেট প্রদান করা।

(চ) স্বাস্থ্য সচেতনতা বিষয়ক কার্যক্রম, সেবা ক্যাম্প স্থাপনে সহযোগিতা প্রদান করা।

(ছ) স্থানীয়/জাতীয় জরুরী গুরুত্বপূর্ণ প্রয়োজনে/ দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে জনগণের মাঝে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা।

(জ) তহবিল ব্যবহারের ক্ষেত্রে কাহারোল উপজেলাধীন সকল পর্যায়ের অস্বচ্ছল অবসরপ্রাপ্ত শিক্ষক/ শিক্ষক/ কর্মচারীর/ পরিবারের সদস্যদের অগ্রাধিকার দেয়ার বিষয়টি বিবেচনা করা হবে।

(ঝ) নারী ও শিশুদের উন্নয়নে সহায়তা প্রদান।

৮। সদস্য:

(ক) প্রতিষ্ঠাকালীন সদস্য: কাহারোল উপজেলাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের যে সকল শিক্ষক এককালীন অনুদান প্রদান করে তহবিল গঠনে সহায়তা করেছেন বা অনুদান প্রদান করবেন। তারা প্রতিষ্ঠাকালীন সদস্য হিসেবে বিবেচিত হবেন।

(খ) সাধারণ সদস্য: সদস্য ফরম সংগ্রহ এর মাধ্যমে এককালীন ১০০০/- (এক হাজার টাকা) অনুদান প্রদান করে যে কোন ব্যক্তি এক মেয়াদে সাধারণ সদস্য হিসেবে গন্য হবেন। প্রতি বছর শেষে পুনরায় কমপক্ষে ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করে সদস্য নবায়ন করা যাবে।

(গ) আজীবন সদস্য: যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান এককালীন কমপক্ষে ২০,০০০/-(বিশ হাজার) টাকা প্রদান করে ফাউন্ডেশনের আজীবন সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হতে পারবেন। আজীবন সদস্যদের নাম ফাউন্ডেশনের অফিসে সম্মাননা বোর্ডে প্রদর্শিত হবে।

৯। পৃষ্ঠপোষক: কাহারোল উপজেলার মাননীয় সংসদ সদস্য/মাননীয় মন্ত্রী বা ওয়ারেন্ট অব প্রিসিডেন্স অনুযায়ী সমমর্যাদা/তদূর্ধ্ব কোন ব্যক্তি থাকলে তিনি ফাউন্ডেশনের প্রধান পৃষ্ঠপোষক হবেন। জেলা প্রশাসক, দিনাজপুর; চেয়ারম্যান, জেলা পরিষদ ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ ফাউন্ডেশনের পৃষ্ঠপোষক হবেন। পৃষ্ঠপোষকবৃন্দকে ফাউন্ডেশনের বিশেষ/সাধারণ সভায় আমন্ত্রণ জানানো হবে।

১০। সাংগঠনিক স্তর: উক্ত ফাউন্ডেশনের ২টি সাংগঠনিক স্তর থাকবে।

(১) সাধারণ পরিষদ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| | | |
|---|---|---|
| (ক) উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সভাপতি |
| (খ) সহকারী কমিশনার (ভূমি), কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (গ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ঘ) উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ঙ) উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (চ) উপজেলা মৎস্য অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ছ) অফিসার ইনচার্জ, কাহারোল থানা, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (জ) উপজেলা সমাজসেবা অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ঝ) উপজেলা সমবায় অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ঞ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ট) উপজেলা প্রকৌশলী, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ঠ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ড) সাব-রেজিস্ট্রার, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ঢ) উপজেলা আইসিটি অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ণ) উপজেলা যুব উন্নয়ন অফিসার কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ত) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (থ) উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| (দ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ধ) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ( সকল) | - | সদস্য |
| (ন) সভাপতি, প্রেসক্লাব, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (প) সভাপতি/সম্পাদক, বাংলাদেশ স্কাউট, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ফ) সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ব) সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা শিল্পকলা একাডেমী, কাহারোল | - | সদস্য |
| (ভ) সভাপতি, আদিবাসী উন্নয়ন সমিতি, কাহারোল, দিনাজপুর | – | সদস্য |
| (ম) সভাপতি/সম্পাদক, শিক্ষক সমিতি (মাধ্যমিক), কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (য) সভাপতি/সম্পাদক, শিক্ষক সমিতি (প্রাথমিক), কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (র) ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ল) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাহারোল, দিনাজপুর | - | কোষাধ্যক্ষ |
| (ব) উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সদস্য সচিব |

উপজেলা নির্বাহী অফিসার পদাধিকার বলে সাধারন পরিষদের সভাপতি হবেন। সাধারণ সদস্য, কার্যনির্বাহী পরিষদের সদস্যগণ ও আজীবন সদস্যগণ সাধারণ পরিষদের সদস্য হিসেবে গণ্য হবেন।

(২) কার্যনির্বাহী পরিষদ: ফাউন্ডেশনের নিম্নরূপ একটি কার্য নির্বাহী পরিষদ থাকবে।

| | | |
|---|---|---|
| (ক) উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সভাপতি |
| (খ) সহকারী কমিশনার (ভূমি), কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (গ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ঘ) উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ঙ) অফিসার ইনচার্জ, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (চ) উপজেলা প্রকৌশলী, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ছ) উপজেলা সমাজসেবা অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (জ) উপজেলা সমবায় অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ঝ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর | - | সদস্য |
| (ঞ) ইন্সট্রাক্টর, উপজেলা প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র, কাহারোল | - | সদস্য |
| (ট) ফাউন্ডেশনের সভাপতি মনোনীত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১০ জন প্রতিনিধি (কলেজ ১, মাধ্যমিক ৪, মাদ্রাসা ১, প্রাথমিক ৪ জন) | - | সদস্য |
| (ঠ) ফাউন্ডেশনের সভাপতি কর্তৃক মনোনীত স্থানীয় ১ জন গণ্যমান্য ব্যক্তি | - | সদস্য |
| (ড) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাহারোল, দিনাজপুর- | - | কোষাধ্যক্ষ |
| (ঢ) উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কাহারোল, দিনাজপুর | - | সচিব সদস্য |

উপজেলা নির্বাহী অফিসার পদাধিকার বলে সভাপতি থাকবেন। কার্য নির্বাহী পরিষদের মেয়াদ হবে প্রথম সভার তারিখ হতে ৩ (তিন) বছর। কার্যনির্বাহী পরিষদে মনোনীত সদস্য একাধারে দুই মেয়াদের বেশি থাকতে পারবেন না। কার্যনির্বাহী পরিষদ নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন:

(১) ধারা ৭ অনুযায়ী ফাউন্ডেশনের প্রকৃতি, লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী যথাযথভাবে দায়িত্ব পালন;
(২) ধারা ৮ অনুযায়ী বিভিন্ন ধরণের সদস্য সংগ্রহে যথাযথ উদ্যোগ গ্রহণ;
(৩) ধারা ১১ অনুযায়ী তহবিল গঠনের সহায়তা প্রদান এবং
(৪) গঠনতন্ত্রে উল্লিখিত অন্যান্য দায়িত্ব পালন।

১১। তহবিল গঠন: ইতোমধ্যে সংগৃহীত বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আদায়কৃত অর্থ প্রাথমিক তহবিল হিসেবে বিবেচিত হবে। এছাড়া নিম্নবর্ণিতভাবে তহবিল গঠন করা যাবে।

১) কাহারোল উপজেলা বা উপজেলার বাহিরের যে কোন ব্যক্তি/ সংস্থা/ প্রতিষ্ঠান/সংগঠন কর্তৃক স্বেচ্ছায় প্রদত্ত শর্তহীন ও নিঃস্বার্থ অনুদান যা রশিদ বই অথবা কাহারোল ফাউন্ডেশনের ব্যাংক একাউন্টের মাধ্যমে।

২) সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত অনুদান।

৩) সরকারের অনুমোদনপ্রাপ্ত যে কোন আন্তর্জাতিক সাহায্য সংস্থা/ প্রতিষ্ঠান কর্তৃক শর্তহীন অনুদান যা বৈদেশিক সাহায্য মঞ্জুরী, তবে তা অবশ্যই জাতীয় স্বার্থের আলোকে গৃহীত হবে।

৪) তফসিলী ব্যাংক/ ডাকঘর সঞ্চয় ব্যাংক/ জাতীয় সঞ্চয় ব্যুরোতে কাহারোল ফাউন্ডেশনের জমাকৃত মেয়াদী ও সঞ্চয়ী আমানত হতে প্রাপ্ত লভ্যাংশ।

৫) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চ্যারিটি শো/লটারীর মাধ্যমে প্রাপ্ত অর্থ এবং কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী গৃহীত সুবিবেচিত ও বাস্তব পদক্ষেপের মাধ্যমে সংগৃহীত অর্থ।

১২। অনুদান গ্রহণ: কার্যনির্বাহী পরিষদের অনুমোদন/ভূতাপেক্ষ অনুমোদন ছাড়া কেউ ফাউন্ডেশনের নামে কোন চাঁদা বা দান গ্রহণ করতে পারবেন না।

১৩। তহবিলের বৈশিষ্ট্য:

১) তহবিলের অর্থ যে কোন তফসিলি ব্যাংকে স্থায়ী/ সঞ্চয়ী/ চলতি একাউন্টে জমা করা যাবে।

২) ব্যাংক/ জাতীয় সঞ্চয় ব্যুরো/প্রতিরক্ষা সঞ্চয় পত্র ইত্যাদির বাৎসরিক আমানতের উপর যেখানে লাভ বেশী পাওয়া যাবে কার্যনির্বাহী পরিষদ সেখানেই অর্থ জমা রাখতে পারবে।

৩) কোন অবস্থাতেই স্থায়ী আমানত ভাংগানো/ উত্তোলন করা যাবে না।

৪) স্থায়ী আমানতের ওপর প্রতি বছরে প্রাপ্ত লভ্যাংশে যা পাওয়া যাবে তার ৮৫% ফাউন্ডেশনের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সঙ্গতি রেখে ব্যয় করা যাবে। কমপক্ষে ১০% স্থায়ী আমানতের সহিত যুক্ত হয়ে পরবর্তী বছরের স্থায়ী আমানত হবে এবং সর্বোচ্চ ৫% আনুষঙ্গিক খাতে ব্যয় করা যাবে।

৫) চলতি/সঞ্চয়ী আমানত থেকে কার্যনির্বাহী কমিটির অনুমোদন/ভূতাপেক্ষ অনুমোদন সাপেক্ষে সভাপতি ও কোষাধ্যক্ষ ব্যয় করতে পারবেন। জরুরী প্রয়োজনে কোন অর্থ ব্যয় করার প্রয়োজন হলে সভাপতি ও কোষাধ্যক্ষ ব্যয় করতে পারবেন। উল্লেখ্য যে, পরবর্তী কার্যনির্বাহী পরিষদে তা অনুমোদন করে নিতে হবে।

৬) কাহারোল ফাউন্ডেশনের তহবিল/ তহবিলের কোন অংশ ব্যবসা বাণিজ্যে বিনিয়োগ করা যাবে না।

১৪। তহবিল পরিচালনা ও সংরক্ষণ:

১) কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী সমুদয় ব্যয় নিষ্পন্ন হবে। কোন ব্যক্তি স্থায়ী আমানত ব্যয় করতে পারবে না।

২) সভাপতি এবং কোষাধ্যক্ষের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে।

৩) ফাউন্ডেশনের যাবতীয় আয়-ব্যয় সম্পর্কিত বিবরণ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। কার্যনির্বাহী পরিষদ বছরান্তে বার্ষিক সাধারণ পরিষদের সভায় ফাউন্ডেশনের বার্ষিক আয় ও ব্যয়ের হিসাব উপস্থাপন করবেন।

৪) প্রয়োজনে তহবিল পরিচালনার জন্য কার্যনির্বাহী কমিটির মাধ্যমে প্রয়োজনীয় সংখ্যক জনবল এবং অফিস পরিচালনার আসবাবপত্র ও অফিস সরঞ্জামাদি ক্রয় করতে পারবেন।

১৫। হিসাব নিরীক্ষা: কার্যনির্বাহী কমিটি কর্তৃক নিয়োগকৃত অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির মাধ্যমে কাহারোল ফাউন্ডেশনের আয় ও ব্যয় নিরীক্ষা করা হবে।

১৬। সভা:

১) সাধারণ পরিষদ বছরে কমপক্ষে একবার সভায় মিলিত হবে।

২) কার্যনির্বাহী কমিটি প্রতি তিন মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে।

৩) প্রয়োজনে সাধারণ পরিষদ ও কার্যনির্বাহী কমিটি জরুরী সভা আহ্বান করতে পারবে।

(ক) সভার কোরাম:

১) কার্যনির্বাহী কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে।

২) সাধারণ পরিষদের সভা পরিচালনার জন্য এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে।

(খ) সভা আহ্বান:

১) কার্যনির্বাহী কমিটির সভা জরুরী ভিত্তিতে অথবা কমপক্ষে ৩ (তিন) দিন পূর্বে আহ্বান করতে হবে।

২) সাধারণ পরিষদের সভা কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে আহ্বান করতে হবে। বিয়ষটি সদস্য-সচিব নিশ্চিত করবেন।

১৭। কার্যনির্বাহী কমিটির সদস্যপদ বাতিল:

(ক) কাহারোল ফাউন্ডেশনের লক্ষ্য ও উদ্দেশ্য পরিপন্থী কোন কাজে জড়িত হলে;

(খ) ফাউন্ডেশনের আর্থিক অনিয়ম কিংবা শৃঙ্খলা পরিপন্থী কোন কাজে জড়িত হলে;

(গ) আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হলে এবং

(ঘ) কার্যনির্বাহী পরিষদে যৌক্তিক কারণ ব্যতীত পর পর ০৩(তিনটি) সভায় অনুপস্থিত থাকলে।

উল্লেখ্য যে, সদস্য পদ বাতিলের ক্ষেত্রে কার্যনির্বাহী কমিটির সংখ্যাগরিষ্ঠদের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হবে।

১৮। গঠনতন্ত্র অনুমোদন ও সংশোধন: গঠনতন্ত্র সংশোধন করতে কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক সাধারণ পরিষদের সভায় উপস্থিত দুই-তৃতীয়াংশ সদস্যের সম্মতি প্রয়োজন হবে।

১৯। বিবিধ:

ক) জনাব মোঃ আমিনুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর প্রতিষ্ঠাতা সভাপতি হিসাবে গণ্য হবেন। সাধারণ পরিষদের সভায় তাঁকে আমন্ত্রণ জানানো হবে। এছাড়া সাবেক উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ নাসিম আহমেদ মহোদয়কে সাধারণ পরিষদের সভায় আমন্ত্রণ জানানো হবে।

খ) সাধারণ অথবা কার্যনির্বাহী কমিটির কোন সদস্য পদত্যাগ করলে কিংবা মৃত্যুবরণ করলে অথবা অন্যত্র বদলী হলে সভাপতির মনোনয়নের মাধ্যমে বাকী সময়ের জন্য পদ পূরণ করা হবে।

গ) সভাপতি, সদস্য সচিব ও কোষাধ্যক্ষের দপ্তর দাপ্তরিক দায়িত্ব পালন করবেন।

ঘ) কোন বিশেষ পরিস্থিতিতে কাহারোল ফাউন্ডেশনের বিলুপ্ত অনিবার্য হলে সকল দায় পরিশোধ করার পর অবশিষ্ট সম্পদ সরকারের সিদ্ধান্ত অনুযায়ী জনহিতকর কাজে ব্যয় করা হবে।

===